



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
হোমনা, কুমিল্লা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর
www.dwa.homna.comilla.gov.bd

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত জুলাই/২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ক্ষেমালিকা চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ ৩১-০৭-২০২৪
সভার সময় ১২:০০ টা
স্থান উপজেলা পরিষদ মিলনায়তন, হোমনা, কুমিল্লা।
উপস্থিতি পরিশিষ্ট “ক”।

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করতে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং এতে সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	০২	০৩	০৪
০১.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সকলকে উদ্দেশ্য করে বলেন যে, বর্তমানে নারীর ক্ষমতায়ন এবং নারীর উন্নয়নের প্রধান অন্তরায় হচ্ছে নারী নির্যাতন। প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নারীরা অহরহই শারিরিক বা মানসিক নির্যাতনের শিকার হচ্ছে। যৌতুক, বাল্যবিবাহ এগুলো নারী নির্যাতনের মধ্যে অন্যতম। এই বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে মহিলা বিষয়ক অফিস কর্তৃক মাঠ পর্যায়ে নানা রকম কার্যক্রম চলমান রয়েছে। এ মাসে চান্দেচর ও ঘারমোড়া ইউনিয়নে নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ে ০২ টি উদ্ভুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। অত্র কার্যালয়ে চলতি মাসে নারী নির্যাতন সংক্রান্ত ০১ টি অভিযোগ জমা পড়েছে এবং শুনানী গ্রহণের জন্য উভয় পক্ষকে নোটিশ প্রেরণ করা হয়েছে। ইতোপূর্বে দাখিলকৃত সকল অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।	০১। নারী ও শিশু নির্যাতন আইন সম্পর্কে জনগণকে জানানোর জন্য সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম আরও জোরদার করতে হবে। ০২। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী প্রতি মাসের ২০ তারিখের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা প্রদান করতে হবে।	০১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ০২। চেয়ারম্যান (সকল)

০২.	হোমনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, চলতি মাসে থানায় নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া যায় নি। তবে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আমরা কঠোর অবস্থানে রয়েছি। এ সংক্রান্ত তথ্য পাওয়া মাত্রই আমরা তাৎক্ষনিক ব্যবস্থা নিয়ে থাকি।	নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত যে কোনো অভিযোগ পেলে তা দ্রুত নিষ্পত্তি করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
-----	--	---	-------------------------------

সভাপতি বলেন, নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত যে কোনো অভিযোগ পাওয়া মাত্র প্রথমে তা গ্রাম আদালতে সোপর্দ করে মীমাংসা করার চেষ্টা করতে হবে। সম্ভব না হলে আইনি সহায়তার জন্য কোর্টে প্রেরণ করতে হবে। এ বিষয়ে তিনি চেয়ারম্যানগণকে ব্যাপক প্রচার প্রচারণা চালানার জন্য অনুরোধ করেন।
অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাঃ
ক্ষেমালিকা চাকমা
উপজেলা নির্বাহী অফিসার

নম্বর:

তারিখ:

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালকের কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অডিটর, কুমিল্লা;
- ২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), হোমনা, কুমিল্লা। এবং
- ৩। অফিস কপি।


 তস. ৫৭. ২০২৪
 তানজুমা পারভীন লুনা
 উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা